স্মারক নং-১৮.১৫.০০০০.০২০.১১.০২০.১৭- ৪২৮
তারিখ : ২০ মে, ২০১৯ খ্রিঃ

বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
Bangladesh Land Port Authority
টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কাওরান বাজার, ঢাকা-১২১৫
ফ্যাক্স: ৫৫০১৩৮২৮
www.bsbk.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

নৌ-পরিবহন মন্ত্রণালয়ের ২১-০৪-২০১৯ তারিখের ১৮.০০.০০০০.০২৬.১৫.০০১.১৬-৬৬ নং স্মারকের প্রেক্ষিতে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষে নিম্নোক্ত শূন্য পদে সরাসরি নিয়োগের নিমিত্ত প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রম	পদের নাম ও বেতনক্রম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	যেসব বিভাগ/জেলার প্রার্থী আবেদন করতে পারবে
১.	অডিট অফিসার ২২০০০- ৫৩০৬০/-	০১ (এক)	বাণিজ্যে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।	সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২.	মেডিকেল অফিসার ২২০০০- ৫৩০৬০/-	০১ (এক)	এম,বি,বি,এস ডিগ্রীসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিলের রেজিস্ট্রেশন প্রাপ্ত।	সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৩.	হিসাবরক্ষক ১১৩০০-২৭৩০০/-	০৪ (চার)	বাণিজ্যে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ অন্যূন ১ (এক) বছরের বাস্তব কর্মঅভিজ্ঞতা।	এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটায় সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা, মহিলা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় ঢাকা বিভাগ (ঢাকা, গাজীপুর ও ফরিদপুর জেলা ব্যতিত), চট্টগ্রাম বিভাগ (কক্সবাজার ও নোয়াখালী জেলা ব্যতিত), রাজশাহী বিভাগ, খুলনা বিভাগ (বাগেরহাট জেলা ব্যতিত) এবং সিলেট বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবেন। উক্ত কোটায় ময়মনসিংহ বিভাগ, রংপুর বিভাগ ও বরিশাল বিভাগের প্রার্থীদের আবেদন করার সুযোগ নেই। সকল বিভাগ/জেলার প্রার্থীদের আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় এবং জেলার সাধারণ কোটায় আবেদন করার সুযোগ নেই।
৪.	ওয়্যারহাউজ/ইয়ার্ড সুপারিনটেনডেন্ট ১১০০০-২৬৫৯০/-	০৫ (পাঁচ)	অন্যূন ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী।	এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটায় সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা, মহিলা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় ঢাকা বিভাগ (মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর ও টাঙ্গাইল জেলা ব্যতিত), রাজশাহী বিভাগ (রাজশাহী, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর ও বগুড়া জেলা ব্যতিত), রংপুর বিভাগ (রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট ও নীলফামারী জেলা ব্যতিত) এবং সিলেট বিভাগ (হবিগঞ্জ জেলা ব্যতীত) এর প্রার্থীগণ আবেদন করতে পারবেন। উক্ত কোটায় ময়মনসিংহ বিভাগ, চট্টগ্রাম বিভাগ, খুলনা বিভাগ ও বরিশাল বিভাগের প্রার্থীদের আবেদন করার সুযোগ নেই। সকল বিভাগ/জেলার প্রার্থীদের আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় এবং জেলার সাধারণ কোটায় আবেদন করার সুযোগ নেই।

শর্তাবলী :

১। কেবল নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন (প্রযোজ্য ক্ষেত্রে) প্রার্থীদের জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯-১২-২০১৪ খ্রিঃ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নং স্মারকে জারিকৃত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। উক্ত ফরম বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইট (www.bsbk.gov.bd) হতে ডাউনলোড করা যাবে।

২। চেয়ারম্যান, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা-এর অনুকূলে যেকোন তফসিলী ব্যাংক হতে বিজ্ঞপ্তির ক্রমিক ১-২ এর জন্য ৩০০/- (তিনশত টাকা) এবং ক্রমিক ৩-৪ এর জন্য ২০০/- (দুইশত টাকা) মূল্যমানের ব্যাংক ড্রাফট/ডিডি/ পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৩। সকল ক্ষেত্রে আবেদনপত্রের খামের ডান পাশে উপরে প্রার্থীত পদ, নিজ জেলা এবং কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। সেই সাথে ১০.০০ টাকা মূল্যের ডাকটিকেট সংবলিত ১১ সে.মি X ২৫ সে.মি আকারের একটি খামে আবেদনকারীর পূর্ণ ঠিকানা লিপিবদ্ধ করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪। প্রার্থীর বয়স ২০-০৬-২০১৯খ্রীঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা পোষ্যদের এবং প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষেত্রে ২০-০৬-২০১৯খ্রীঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৫। বিভাগীয় প্রার্থী এবং সরকারি/আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। আবেদন ডাকযোগে/সরাসরিভাবে অবশ্যই আগামী ২০-০৬-২০১৯খ্রীঃ তারিখ অফিস চলাকালীন সময়ে পরিচালক (প্রশাসন), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর ডাকযোগে কিংবা অন্য কোন উপায়ে প্রেরিত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৭। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় আহবান করা হবে। মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক সনদ, অভিজ্ঞতার সনদ ও শিক্ষাগত যোগ্যতার সকল সনদের ১ (এক) সেট সত্যায়িত কপিসহ মূল কপি উপস্থাপন করতে হবে।

৯। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে তার পিতা/মাতা/পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সনদ (যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ১ (এক) সেট সত্যায়িত কপিসহ মূল কপি এবং অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদের ১ (এক) সেট সত্যায়িত কপিসহ মূল কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

১০। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের ১ (এক) সেট সত্যায়িত কপিসহ মূল কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

১১। কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যেকোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত/মৌখিক পরীক্ষার কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

২৩/৫/১৯

পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
ফোন : ৫৫০১৩৮২৯